

চীন সফরে যাচ্ছেন ভিপিএসহ ডাকসুর ১৫ সদস্য

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১৬ মে, ২০২৬ ১৯:৫২



চীন সফরে যাচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ১৫ সদস্যের একটি প্রতিনিধিদল। এ উপলক্ষে তারা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলামের সঙ্গে সাক্ষাৎ করেছেন।

আজ শনিবার চীনের উদ্দেশে যাওয়ার আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে তারা এ সাক্ষাৎ করেন। পরে সামাজিক যোগাযোগ মাধ্যমে ডাকসুর কমনরুম, রিডিং রুম ও ক্যাফেটেরিয়া সম্পাদক উন্মেষ সালমা একটি ছবি শেয়ার করেন।

এর আগে গতকাল শুক্রবার চীনা দূতাবাসের কালচারাল কনসালট্যান্ট লি শাওপ্যাং ডাকসু কার্যালয়ে এসে নেতৃত্বদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন এবং এ সফরের আমন্ত্রণ জানান। পরে বিষয়টি ফেসবুকের এক স্ট্যাটাসে জানান ডাকসুর সহসভাপতি (ভিপি) সাদিক কায়েম।

পোস্টে সাদিক লেখেন, তিনি (লি শাওপ্যাং) ডাকসুর নির্বাচিত প্রতিনিধিদের চীন সফরের আমন্ত্রণ জানানোর পাশাপাশি ব্যক্তিগতভাবে আমাকে বিবাহিত জীবনের জন্য ফুলেল শুভেচ্ছা ও শুভকামনা জানিয়েছেন।

উল্লেখ্য, চীনা দূতাবাসের আমন্ত্রণে শনিবার থেকে ডাকসুর ১৫ সদস্যের একটি প্রতিনিধিদল সপ্তাহব্যাপী চীন সফরে থাকবেন। সফরকালে ডাকসু নেতৃবৃন্দ চীনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, ছাত্র সংসদ, শিক্ষা ও গবেষণা কেন্দ্র, বিজ্ঞান ও প্রযুক্তি কেন্দ্র এবং বিভিন্ন অর্থনৈতিক প্রতিষ্ঠানসহ চীনের ঐতিহ্যবাহী, সাংস্কৃতিক ও রাজনৈতিক গুরুত্বসম্পন্ন স্থানসমূহ পরিদর্শন করবেন।